



স ৪০৮২৮০১

সেকশন ২: প্রজ্ঞাপিত শর্তাবলী

নিম্নোক্ত শর্তাবলী পরিচালনের মাধ্যমে, দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের ইউনিট এজেন্ট হিসেবে নিয়োগ এক ব্যবসা পরিচালনার অধিকার অর্জন করে।

ইউনিট এজেন্ট কর্তৃক অবশ্য পালনীয় প্রজ্ঞাপিত সম্পর্কিত শর্তাবলী:

- ২.১ দ্বিতীয় পক্ষ অন্য কোন এজেন্ট ব্যাংকিং সেবায় এজেন্ট, ইউনিট এজেন্ট, মাস্টার এজেন্ট, সাব এজেন্ট, টেলার, ম্যানেজার হিসেবে বা অন্য কোন ভাবে নিযুক্ত/অভিত হতে পারবে না।
- ২.২ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নির্ধারিত পণ্য ও সেবা প্রদানে বাধ্য থাকবে।
- ২.৩ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের অনুমতি ব্যতিরেকে অন্য কোন পণ্য বা সেবা প্রদান করতে পারবে না।
- ২.৪ সেবা প্রদান ও ব্যবসা পরিচালনার ক্ষেত্রে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের স্বার্থবিরোধী কর্মকাণ্ড থেকে বিরত থাকবে।
- ২.৫ এজেন্সিপিপ সংক্রান্ত সকল বিষয়ে প্রথম পক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ২.৬ দ্বিতীয় পক্ষ কর্তৃক নিয়োগকৃত/নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীর দায়তার ইউনিট এজেন্ট/ দ্বিতীয় পক্ষ বহন করবে।
- ২.৭ দ্বিতীয় পক্ষ স্বাপিত এজেন্ট পয়েন্ট/আউটলেটে প্রথম পক্ষের নির্দেশিত কার্যক্রম ছাড়া অন্য কোন ব্যবসা বা কার্যক্রম পরিচালনা করবে না। উল্লেখ্য প্রথম পক্ষ এজেন্ট পয়েন্ট-এর বিজ্ঞাস, ডিআইন সহ সকল ব্যবহারিক বিষয়ের চূড়ান্ত ক্ষমতা প্রথম পক্ষের অধিকারী হবে।
- ২.৮ দ্বিতীয় পক্ষ সেবাকেন্দ্রে যেকোন পরিবর্তন-পরিমার্জনের প্রয়োজন বোধ করলে প্রথম পক্ষের লিখিত অনুমোদন গ্রহণ করতে বাধ্য থাকবে।
- ২.৯ দ্বিতীয় পক্ষ, প্রথম পক্ষের নির্দেশিত সিএসপি খোলা এবং বন্ধের সময়সীমা (নামাজ, দুপুরের খাবার সময় এবং ছুটির দিনসহ) মেনে চলতে বাধ্য থাকবে এবং এ সংক্রান্ত নোটিশ প্রদর্শন করবে।
- ২.১০ এই চুক্তিপত্রে উল্লেখিত বিষয় বা সিদ্ধান্ত ছাড়াও প্রথম পক্ষ ব্যবসা সম্পর্কিত যেকোনো বিষয়ে এবং বা ব্যাংকিং কার্যক্রম সংক্রান্ত যে কোনো বিষয়ে নিজ উদ্যোগে অথবা বাংলাদেশ ব্যাংক না অগ্রবী ব্যাংক লিমিটেড-এর পরামর্শক্রমে বা নির্দেশক্রমসূত্রে পরবর্তী সময়ে নতুন কোনো শর্তাবলি বা উল্লেখিত যেকোনো বিষয়ের সংযোজন-বিয়োজন বা পরিবর্তন-পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করে।
- ২.১১ দ্বিতীয় পক্ষ বাংলাদেশ ব্যাংক, অগ্রবী ব্যাংক লিমিটেড ও দুয়ার ব্যাঙ্কিংস লি: এর অথবা উক্ত সংস্থার কোন প্রতিনিধি যেকোন সময় পরিদর্শনে আসলে পরিদর্শন কাজে সর্বতোভাবে সহযোগিতা প্রদান করতে বাধ্য থাকবে।
- ২.১২ দ্বিতীয় পক্ষ বাংলাদেশ ব্যাংক এর সর্বশেষ গাইডলাইন এবং এরই আলোকে অগ্রবী ব্যাংকের ম্যানুয়াল ও দুয়ারের নির্দেশনা অনুসরণ করে সকল কর্মকাণ্ড পরিচালনা করতে বাধ্য থাকবে।
- ২.১৩ চূড়ান্ত নিয়োগপ্রাপ্তির ১৫ দিনের মধ্যে দ্বিতীয় পক্ষ নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম পক্ষকে জমা দিবে:
 - ট্রেড লাইসেন্স, TIN, VAT certificate, CIB
 - ন্যাশনাল আইডি কার্ড
 - ঘরভাড়া চুক্তিপত্র (৫ বছরের চুক্তি)
 - পুলিশ ভেরিফিকেশন

“দেশপ্রেমের শপথ নিয়ে, সুশীলতারে বিশ্বাস নিয়ে” Page 4 of 13

স্বাক্ষরিত
১৫/০৮/২০১৯
১৫/০৮/২০১৯
১৫/০৮/২০১৯
১৫/০৮/২০১৯